ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দপ্তর
www.iau.edu.bd
বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং-ইআবি/পরি/অধি-নবা/সি-১৫/২০১৬/১৪৭৭৫ তারিখ: ১৭ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ০১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

বুরাইয়া কামিল মাদরাসা, উপজেলা: ছাতক, জেলা: সুনামগঞ্জ -এর কামিল (স্নাতকোত্তর) হাদিস স্তরে অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ কর্তৃক ২৫/১১/২০২৪ খ্রি. তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সংবিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তে কামিল (স্নাতকোত্তর) হাদিস স্তর ২৬.০৩.২০২৫ খ্রি. থেকে ২৫.০৩.২০২৯ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

**শর্তসমূহ:**

১. মাদরাসার সকল শ্রেণীতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি, উপস্থিতি ও ফলাফল অধিকতর সন্তোষজনক হতে হবে;

২. শিক্ষার সুষ্ঠু পরিবেশের জন্য মাদরাসার বাউন্ডারী ওয়াল নির্মাণ করতে হবে;

৩. যুগোপযোগী মানব সম্পদ তৈরীর জন্য একটি সমৃদ্ধ লাইব্রেরীসহ পড়াশোনার জন্য অনুকুল পরিবেশ তৈরি করতে হবে ।

৪. মাদরাসা প্রধান (অধ্যক্ষ/উপাধ্যক্ষ) শিক্ষকগণকে প্রতি সেমিস্টারে ৪ (চার) মাস অন্তর প্রশিক্ষণের মাধ্যমে অধিকতর দক্ষ করে তুলতে হবে;

৫. শিক্ষার মানোন্নয়ন এবং প্রতিষ্ঠানের উন্নয়ন কল্পে শিক্ষক,কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দের সাথে সুনির্দিষ্ট বিষয়ের উপর মাসিক আলোচনা সভা আয়োজন করে সিদ্ধান্ত গ্রহণ করা;

৬. শিক্ষার্থীদের তথ্য-প্রযুক্তিতে দক্ষতা অর্জনের নিমিত্ত একটি সমৃদ্ধ কম্পিউটার ল্যাব স্থাপন করতে হবে যা সকলের জন্য উন্মুক্ত থাকবে;

৭. অর্থ ও প্রশাসন সংক্রান্ত সকল কার্যক্রম ফাইল নোট অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করতে হবে;

৮. মাদরাসার অবকাঠামো সংস্কার করে পাঠদান উপযোগী করে গড়ে তুলতে হবে;

৯. শিক্ষকসহ অন্যান্য কর্মচারীদের শূন্যপদে নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১০. ক্যাশ-কলামনার বই যথাযথভাবে পূরণ ও সংরক্ষণ করতে হবে;

১১. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ সংশ্লিষ্ট মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শিত করা ছাড়াও মাদরাসার ফাইলে সংরক্ষণ করতে হবে;

১২. অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুন:নবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস-চ্যান্সেলর- এর অনুমোদনক্রমে

১/৭/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ও
পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দপ্তর
মোবাইলঃ ০১৭০৫-৪০৮০০১

অধ্যক্ষ
বুরাইয়া কামিল মাদরাসা
ছাতক, সুনামগঞ্জ ।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/সি-১৫/২০১৬/১৪৭৭৫ তারিখ: ১৭ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ০১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪। ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫। প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭। সভাপতি, বুরাইয়া কামিল মাদরাসা, ছাতক, সুনামগঞ্জ।
৮। অফিস নথি।

০১.০৭.২০২৫

(সোমা আক্তার)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দপ্তর
মোবাইলঃ ০১৬৭৯-৮৬৮৬৬৩